ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪০০৮
আগরতলা,২৭ নভেম্বর,২০২৫

# ইন্টারন্যাশনাল আইডিই এর চেয়ার হবেন সিইসি জ্ঞানেশ কুমার; ২০২৬ সালে ৩৫টি জাতির ফোরাম – ইন্টারন্যাশনাল আইডিইএ-কে নেতৃত্ব দেবেন

মুখ্য নির্বাচন কমিশনার (সিইসি) জ্ঞানেশ কুমার ২০২৬ সালের জন্য ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেক্টোরাল অ্যাসিস্ট্যান্স (ইন্টারন্যাশনাল আইডিইএ)-এর সভাপতিত্ব গ্রহণ করতে চলেছেন।

মুখ্য নির্বাচন কমিশনার ৩ ডিসেম্বর, ২০২৫ তারিখে সুইডেনের স্টকহোমে অনুষ্ঠিত হতে যাওয়া ইন্টারন্যাশনাল আইডিইএ-র সদস্য রাষ্ট্রগুলির কাউন্সিল সভায় আইডিইএ-র সভাপতিত্বগ্রহণ করবেন। পদমর্যাদা বলে তিনি ২০২৬ সালের পুরো সময়জুড়ে কাউন্সিলের সব বৈঠকে সভাপতিত্ব করবেন।

১৯৯৫ সালে প্রতিষ্ঠিত ইন্টারন্যাশনাল আইডিইএ একটি আন্তঃসরকারি সংস্থা, যা বিশ্বব্যাপী গণতান্ত্রিক প্রতিষ্ঠান ও প্রক্রিয়াকে শক্তিশালী করতে প্রতিশ্রুতিবদ্ধ। বর্তমানে ৩৫টি সদস্য দেশ এবং যুক্তরাষ্ট্র ও জাপান পর্যবেক্ষক (অবজার্ভার) হিসেবে যুক্ত রয়েছে। এই সংস্থা অন্তর্ভুক্তিমূলক, সহনশীল ও জবাবদিহিমূলক গণতন্ত্র গঠনে সহায়তা করে।

সভাপতিত্ব গ্রহণ একটি গুরুত্বপূর্ণ মাইলফলক, যা বিশ্বের অন্যতম বিশ্বাসযোগ্য ও উদ্ভাবনী নির্বাচন ব্যবস্থাপনা সংস্থা হিসেবে ভারতের নির্বাচন কমিশনের বৈশ্বিক স্বীকৃতিকে প্রতিফলিত করে। আইডিইএ-র প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে ভারত সংস্থার প্রশাসন, গণতান্ত্রিক আলোচনা ও প্রাতিষ্ঠানিক উদ্যোগে নিয়মিত অবদান রেখে এসেছে।

সভাপতি হিসেবে, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বিশ্বের বৃহত্তম নির্বাচন পরিচালনার ভারতের অভূতপূর্ব অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে আইডিইএ-র বৈশ্বিক কর্মসূচি নির্ধারণে ভূমিকা রাখবেন। এই সহযোগিতা জ্ঞান বিনিময়কে শক্তিশালী করবে, নির্বাচন ব্যবস্থাপনা সংস্থাগুলির পেশাদার নেটওয়ার্ককে মজবুত করবে এবং বৈশ্বিক নির্বাচন সংস্কারের ক্ষেত্রে প্রমাণভিত্তিক উদ্যোগকে সমর্থন করবে।

প্রায় এক বিলিয়ন ভোটারের বিশ্বের বৃহত্তম গণতন্ত্র হিসেবে এবং স্বচ্ছ নির্বাচন প্রক্রিয়ার সুদৃঢ় ও লিখিত নথিপত্র থাকার ফলে, ভারত এ বছর বিশ্বের বিভিন্ন নির্বাচনী সংস্থার সঙ্গে তার সেরা উপলব্ধিগুলি শেয়ার করে নেওয়ার চেষ্টা করবে।

ইসিআই-এর প্রশিক্ষণ প্রতিষ্ঠান—ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অফ ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট (ট্রিপল আই.ডি.ই.এম.) এবং আইডিইএ-র মধ্যে যৌথ কর্মসূচি, কর্মশালা এবং গবেষণা সহযোগিতা বিশ্বব্যাপী বিভ্রান্তিমূলক তথ্য, নির্বাচন-সংক্রান্ত সহিংসতা এবং ভোটার আস্থার ক্ষয়ের মতো চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুতি আরও বাড়াবে।

২-এর পাতায়

প্রতিষ্ঠালগ্ন থেকে ট্রিপল আই.ডি.ই.এম. কেবল দেশে নয়, বিশ্বজুড়েও নির্বাচন কর্মকর্তাদের প্রশিক্ষণ দিয়ে আসছে। এ পর্যন্ত ট্রিপল আই.ডি.ই.এম. মোট ২৮টি দেশের সঙ্গে মউ স্বাক্ষর করেছে এবং প্রায় ১৪২টি দেশের ৩১৬৯ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ দিয়েছে।

মুখ্য নির্বাচন কমিশনার এর নেতৃত্বে আইডিইএ ও ইসিআই একসঙ্গে কাজ করবে ইসিআই-এর প্রযুক্তিগত ও প্রশাসনিক উদ্ভাবন এবং সেরা অভ্যাসগুলি নথিবদ্ধ ও আন্তর্জাতিকভাবে প্রচারের জন্য।

**ইন্টারন্যাশনাল আই.ডি.ই.এ.-র সদস্যভুক্ত দেশগুলি হচ্ছে**

| ক্র. নং | দেশ | ক্র. নং | দেশ |
|---|---|---|---|
| 1 | অস্ট্রেলিয়া | 19 | লুক্সেমবার্গ |
| 2 | বার্বাডোস | 20 | মরিশাস |
| 3 | বেলজিয়াম | 21 | মেক্সিকো |
| 4 | বেনিন | 22 | মঙ্গোলিয়া |
| 5 | বতসোয়ানা | 23 | নামিবিয়া |
| 6 | ব্রাজিল | 24 | নেদারল্যান্ডস |
| 7 | কাবো ভার্দে | 25 | নরওয়ে |
| 8 | কানাডা | 26 | পানামা |
| 9 | চিলি | 27 | পেরু |
| 10 | কোস্টারিকা | 28 | ফিলিপাইন |
| 11 | ডোমিনিকান রিপাবলিক | 29 | পর্তুগাল |
| 12 | এস্তোনিয়া | 30 | দক্ষিণ আফ্রিকা |
| 13 | ফিনল্যান্ড | 31 | স্পেন |
| 14 | ফ্রান্স | 32 | সুইডেন |
| 15 | জার্মানি | 33 | সুইজারল্যান্ড |
| 16 | ঘানা | 34 | তিউনিসিয়া |
| 17 | ভারত | 35 | উরুগুয়ে |

**পর্যবেক্ষক দেশ:** যুক্তরাষ্ট্র ও জাপান

রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিকের কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।

*****